



## সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



সংবাদ লিখন, কলাম লিখন, ফিচার লিখন, সংবাদ উপস্থাপনা, ভিডিও সংবাদ তৈরি ও সর্বোপরি সাংবাদিকতা ও লেখালেখির দক্ষতা বৃদ্ধির জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটির আয়োজনে ১৮মার্চ ২০২৩-শনিবার কেন্দ্রীয় মিলনায়তনে সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটির সভাপতি আবু হানিফের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সংগঠনটির সাধারণ সম্পাদক রিসাত রহমানের পরিচনায় প্রশিক্ষণ কর্মশালায় আরো ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি মো: ইব্রাহিম ফরাজী ও সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন।

এসময় কর্মশালায় দেশের স্বনামধন্য প্রশিক্ষকগণের নির্দেশনায় প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।